

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।
(www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং-০৪/২০২৩ এসসি (এডি)

তারিখ:

১০ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে বিচার প্রার্থীদের প্রবেশের জন্য পাস ব্যবহার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিরাপত্তা ব্যবস্থার পরিকাঠামো ক্রমাগত উন্নয়নের ধারাবাহিকতায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে প্রবেশ পাস ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে প্রবেশ করতে অগ্রহী বিচার প্রার্থী সংযুক্ত ব্যবহার বিধি অনুসরণপূর্বক স্মার্টফোন, ট্যাবলেট, ল্যাপটপ বা ডেঙ্কটপ কম্পিউটারের মাধ্যমে প্রবেশের তারিখ ও মাঝলা নম্বরসহ প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে আপীল বিভাগের ডিজিটাল প্রবেশ পাস সংগ্রহ করতে পারবে। উক্ত প্রবেশ পাস (ডিজিটাল অথবা প্রিন্টকপি) ব্যবহার করে আপীল বিভাগের এজলাস ও এজলাস সংলগ্ন স্থানে প্রবেশ করতে পারবেন।

০২। নিরাপত্তার স্বার্থে আপীল বিভাগের এজলাস ও এজলাস সংলগ্ন স্থানে কোন বিচার প্রার্থী প্রবেশ পাস প্রদর্শন ব্যাতিত প্রবেশ বা অবস্থান করতে পারবেন না।

০৩। আগামী ০১/০২/২০২৩ খ্রি. তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

সংযুক্তি প্রবেশ পাসের ব্যবহার বিধি।

প্রধান বিচারপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ সাইফুর রহমান)

রেজিস্ট্রার

তারিখঃ ২৪/০১/২০২৩ খ্রি.

স্মারক নং-২২৭(১-২৩)/২০২৩ এসসি (এডি)

সদয় জাতার্থে ও কার্যার্থে অন্তর্লিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।

০২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

০৪। সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

০৬। অতিরিক্ত রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০৭। অতিরিক্ত রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সকল)।

০৮। স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

০৯। সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এ্যাসোসিয়েশন, ঢাকা।

১০। উপ পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি বিভাগ, ডি.এম.পি., হাইকোর্ট কম্পাউন্ড, ঢাকা।

১১। অতিরিক্ত উপ পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি বিভাগ, ডি.এম.পি., হাইকোর্ট কম্পাউন্ড, ঢাকা।

১২। ডেপুটি রেজিস্ট্রার (বিচার ও সার্বিক), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

১৩। প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

১৪। সকল এডভোকেট-অন-রেকর্ড।

১৫। গবেষণা ও তথ্য অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

১৬। সহকারী রেজিস্ট্রার, প্রশাসন/বিচার/প্রিন্টিং, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

১৭। প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

১৮। প্রেসার্বার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (বিজ্ঞপ্তি সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের নিমিত্ত)।

১৯। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংবাদ হিসেবে প্রচারের অনুরোধ সহকারে)।

২০। সুপারিনিটেন্ডেন্ট, প্রশাসন/বিচার/প্রিন্টিং, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

২১। বেংক রিডার/কোর্ট এসোসিয়েট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সকল)।

২২। কোর্ট অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

২৩। বিচার সহকারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সকল)।

২৪। নোটিশ বোর্ড/প্রবেশ গেইট বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সকল)।


২৫। অফিস কপি।

(এম.এম. মোর্শেদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ)

বাংলাদেশের সুপ্রীম কোর্ট-এর আপীল বিভাগে প্রবেশ পাস

অনলাইনে সংগ্রহ সংক্রান্ত ব্যবহার বিধি

- বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপীল বিভাগে প্রবেশের জন্য “প্রবেশ পাস” সংগ্রহ করতে ডানদিকে QR কোড স্ক্যান করুন অথবা ব্রাউজার থেকে এই লিঙ্কে (<http://apdiventry.supremecourt.gov.bd>) যান। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটের ডানদিকের অংশে “Entry Pass” মেনুতেও এই লিঙ্কটি পাওয়া যাবে।



- উপর্যুক্ত লিঙ্কে গেলে ডান পাশের চিত্রের মত একটি পেজ দেখা যাবে। প্রয়োজনীয় তথ্যাদি (পাসের তারিখ, মামলা নম্বর, বিচারপ্রার্থীর নাম, মোবাইল নম্বর, এনআইডি নম্বর ইত্যাদি) সঠিকভাবে প্রদান করে “নিবন্ধন করুন” বাটনে ক্লিক করুন।



- এরপর পাশের ছবির মত আরো একটি পেজ দেখা যাবে। এই পেজ থেকে “ডাউনলোড করুন” অথবা “প্রিন্ট করুন” অপশনে ক্লিক করে প্রবেশ পাস সঙ্গে রাখুন। স্মার্টফোন থেকে রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে স্ক্রিনশট নিয়েও প্রবেশ পাস সংরক্ষণ করা যাবে।

- এই প্রবেশ পাসের ডাউনলোডকৃত বা স্ক্রিনশট নেওয়া ডিজিটাল কপি অথবা প্রিন্টকৃত কপি আপীল বিভাগে প্রবেশের সময় প্রদর্শনের জন্য সাথে রাখতে হবে।